1048 I 1072

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL M 740109

Certified that the Endorsement Sheet / Sheets and Signature Sheet Sheets attached to this Document are part of the Document itself.

Addl. Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

16 FEB 2016

দানপত্র তাইন ৭,০০,০০০ টাকা
জেলা- বীরভূম, থানা - বোলপুর,
মৌজা- বোলপুর, জে. এল. নং ৯৯
দানকৃত ভূমির পরিমান- ০৭ শতক।

দানপত্র গ্রহীতা :-

শ্রী দ্বীপেন্দু ধর পিতা- স্বর্গীয় মঙ্গল চন্দ্র ধর জাতি- ভারতীয়, ধর্ম- হিন্দু, পেশা- শিক্ষকতা, সাকিম- স্কুলবাগান বোলপুর, পোষ্ট, থানা, মহকুমা ও এ.ডি.এস.আর. অফিস- বোলপুর, জেলা- বীরভূম।

PAN - ACRPD5395G.

পৃষ্ঠা........২

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

पশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

M 740113

Tarulata Dhar

( ২ )

দানপত্র দাতা :-

শ্রীমত্যা তরুলতা ধর স্বামী- স্বর্গীয় মঙ্গল চন্দ্র ধর
জাতি- ভারতীয়, ধর্ম- হিন্দু, পেশা- পেনশনভোগী,
সাকিম- স্কুলবাগান, বোলপুর, পোষ্ট, থানা, মহকুমা ও
এ.ডি.এস.আর. অফিস- বোলপুর, জেলা- বীরভূম।
PAN - AERPD6087K.

*কস্য শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে :-*

পৃষ্ঠা......৩

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

M 740114

(৩)

জেলা বীরভূম, থানা- বোলপুর অন্তর্গত নিম্নের তপশীলে সবিশেষ বর্ণিত সম্পত্তি আমার অর্থাৎ অত্র দলিল দাত্রীর স্বত্বীয় দখলী সম্পত্তি হইতেছে। তপশীলোক্ত সম্পত্তি পূর্ব্বতঃ ভবেশ কুমার পর্দ্ধান, অজিত কুমার পর্দ্ধান ও শিশির কুমার পর্দ্ধান মহাশয়গনের ১/৩ করিয়া অবিভক্ত অংশের সম্পত্তি ছিল। উল্লিখিত তিন ভ্রাতা মধ্যে ভবেশ চন্দ্র পর্দ্ধান মহাশয় তার ০৮ শতক সম্পত্তি ১০/৪/১৯৫৭ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত দলিল মূলে বোলপুর নিবাসী শশীচন্দ্র গাঙ্গুলীর কন্যা অনিমা গাঙ্গুলী মহাশয়াকে বিক্রয় করেন। ইহা ছাড়া ভবেশ চন্দ্র পর্দ্ধান মহাশয়ের অপর দুই ভ্রাতা অজিত কুমার পর্দ্ধান ও শিশির কুমার পর্দ্ধান মহাশয়গন ঐ দাগের তাহাদের ২/৩ অংশ গত ইংরাজী ১০/০৯/১৯৫৭ তারিখে বোলপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১৯৫৭

পৃষ্ঠা......৪

भारतीय गैर न्यायिक
भारत INDIA
रु. 500 FIVE HUNDRED RUPEES
पाँच सौ रुपये Rs. 500
सत्यमेव जयते
INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL H 704490

Samalata Shar



সালের ৭০৯৫ নম্বর খোসকোবালা দলিল মূলে পণমূল্য গ্রহণে বোলপুর নিবাসী রামসুরেশ ভকত মহাশয়কে বিক্রয় করতঃ নিঃস্বত্ব হয়েন এবং তাহাকে দখলে স্থাপন করেন। তদপর অনিমা গাঙ্গুলী মহাশয়া তাহার খরিদা ০৮ শতক ভূমি ইংরাজী ১৮/৮/১৯৫৭ তারিখে সম্পাদিত রেজিষ্টার্ড খোসকোবালা দলিল মূলে রামসুরেশ ভকত মহাশয়কে বিক্রয় করতঃ নিঃস্বত্ব হয়েন এবং দখলে স্থাপন করেন। এমতে রামসুরেশ ভকত মহাশয় আর. এস. ৫৭১/২৭৫৫ দাগের সমগ্র ২৩ শতক সম্পত্তির মালিক ও দখলীকার হয়েন। ইহার পর সিঙ্গী গ্রাম নিবাসী অজিত কুমার সাঁই মহাশয় তপশীলোক্ত সম্পত্তির পূর্ব তরফে ১০ শতক ভূমি খরিদ করিতে ইচ্ছুক হইলে উল্লিখিত রামসুরেশ ভকত মহাশয় তাহা অজিত কুমার সাঁই বরাবর গত ইংরাজী ০৬/০৭/১৯৫৯ তারিখের খোসকোবালা দলিলমূলে বিক্রয় করেন এবং

পৃষ্ঠা......৫

B. Mukherjee Adv.

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये रु.10

TEN RUPEES Rs.10

सत्यमेव जयते

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 93AA 637187

Yamulata Dhar



বিক্রীত সম্পত্তিতে দখলে স্থাপন করেন। তপশীলোক্ত সম্পত্তি অজিত কুমার সাঁই মহাশয় খরিদের পর নিজ নামে বোলপুর মৌজার ৮৯ নম্বর এল.আর. খতিয়ানে লিপিবদ্ধ করাইয়া অশেষ বিশেষ প্রকারে স্বত্বদখল পরিচালনা করিতে থাকাকালে বিগত ইংরাজী ১১/০৮/১৯৮৪ তারিখে পত্নী প্রতিমা সাঁই, তিন পুত্র সুভাষ সাঁই, বিকাশ সাঁই, প্রকাশ সাঁই ও এক কন্যা দীপ্তি সাঁই মহাশয় / মহাশয়াগনকে হিন্দু উত্তরাধিকার আইনের বিধান মতে ওয়ারিশ রাখিয়া পরলোকগমন করেন। উল্লেখিত অজিত কুমার সাঁই মহাশয়ের ওয়ারিশগন হিন্দু উত্তরাধিকার আইনের বিধান মতে উল্লেখিত সম্পত্তিতে প্রত্যেকে অবিভক্ত অংশের স্বত্ববান ও মালিক দখলীকার হয়েন।

পৃষ্ঠা......৬

উল্লিখিত অবস্থা চলিতে থাকাকালে অজিত কুমার সাঁই মহাশয়ের ওয়ারিশগন গ্রহীতার পিতা তথা দাতার স্বামী মঙ্গল চন্দ্র ধর মহাশয়ের বিরুদ্ধে ও শিশির কুমার পর্দ্ধান মহাশয়ের বিরুদ্ধে তপশীলোক্ত সম্পত্তি লইয়া বোলপুর সিভিল জজ সিনিয়র বিভাগ আদালতে ১৯৯৪ সালের ১২ নম্বর দেওয়ানী মোর্কদ্দমা দাখিল করেন। উক্ত মোকর্দ্দমায় অজিত সাঁই মহাশয়ের ওয়ারিশগন পরাজিত হইয়া উক্ত রায় ডিক্রীর বিরুদ্ধে সিউড়ী জেলা জজ বাহাদুরের আদালতে ২০০২ সালের ৬২ নম্বর দেওয়ানী আপীল মোকর্দ্দমা দায়ের করতঃ ডিক্রী প্রাপ্ত হয়েন। ইহার পর জেলা জজ আদালতের ঐ রায় ডিক্রীর বিরুদ্ধে শিশির কুমার পর্দ্ধান মহাশয় মহামান্য কলিকাতা উচ্চ আদালতে ২০০৮ সালের ৬৩ নম্বর এফ.এম.এ.টি. মোকর্দ্দমা দায়ের করেন। উক্ত মোকর্দ্দমার ফলাফল অনিশ্চিত বিবেচনা করিয়া অজিত কুমার সাঁই মহাশয়ের ওয়ারিশগন ও শিশির কুমার পর্দ্ধান মহাশয়ের ইতিমধ্যে পরলোকান্তে তাহার ওয়ারিশগন একত্রে গত ইংরাজী ৩১/০৫/২০১১ তারিখে সম্পাদিত ও ০২/০৬/২০১১ তারিখে বোলপুর এ.ডি.এস.আর. অফিসে রেজিষ্ট্রীকৃত ২০১ সালের ৪১৯৩ নম্বর রেজিষ্টার্ড খোসকোবালা দলিল মূলে দলিলদাত্রী আমার নিকট প্রত্যেক নিজ নিজ অংশ মোতাবেক পণমূল্য গ্রহনে তপশীলোক্ত সম্পত্তি আমাকে বিক্রয় করেন এবং বিক্রীত সম্পত্তিতে দখলে স্থাপন করেন। তপশীলোক্তে সম্পত্তি খরিদের পর বি.এল. এণ্ড এল. আর. ও. বোলপুর অফিসে আমার নামে উক্ত সম্পত্তি বোলপুর মৌজার ১৬৭৫১ নম্বর এল. আর. খতিয়ানে যথাযথ লিপিবদ্ধ ও প্রচারিত হইয়াছে। এমতে দলিলদাত্রী আমি তপশীলোক্ত দাগের সম্পত্তি উপরি লিখিত প্রকারে স্বত্ববতী ও মালিক দখলকারিনী হইয়া এতক সকল প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে নিরুপদ্রবে স্বত্ত্ব দখল পরিচালনা করিয়া আসিতেছি।

দলিলগ্রহীতা তুমি আমার গর্ভজাত কনিষ্ঠ পুত্রসন্তান হইতেছ। দলিলদাতা আমার গর্ভে ও আমার স্বামীর ঔরসে তিন পুত্র জন্মগ্রহন করিয়াছিল। আমরা উভয়ে মিলিয়া তাহাদের সকলকে যথাসাধ্য পড়াশোনা শিখাইয়াছি এবং লালন পালন করিয়াছি। অদৃষ্টের পরিহাসে আমার মধ্যম পুত্র কৃষ্ণেন্দু ধর পরলোকগমন করিয়াছে। আমার জ্যেষ্ঠ পুত্র ভারতীয়

Harulata Dhar



সেনাবাহিনীতে উচ্চ পদে কর্মরত এবং সে তাহার স্ত্রী পুত্রকে লইয়া ভূপালে বসবাস করিতেছে। দলিলগ্রহীতা আমি তোমার সাথেই বোলপুরের বাড়িতে তোমার স্ত্রী, পুত্র, কন্যার সহিত অর্থাৎ আমার বৌমা, নাতি, নাতনিদের সহিত সুখে বসবাস করিতেছি। তুমি আমার প্রতিনিয়ত খোঁজখবর রাখ ও আমার দেখাশোনা কর।আমার বয়স বর্তমানে ৭৬ বৎসর হইতেছে এবং বয়সের কারনে শরীর সবসময় ভালো যাইতেছে না। আমার দুই পুত্রই আমার খুবই প্রিয় ও ভালোবাসার পাত্র। দলিলগ্রহীতা আমি তোমার সহিত বোলপুরে সুখে শান্তিতে বসবাস করায় তপশীলোক্ত ভূমি তোমাকে দান করিব বলিয়া বেশ কিছু সময় পূর্ব হইতেই মনস্থ করিয়াছি, কিন্তু আজকাল করিয়া ঐ দলিল রেজিস্ট্রী করা সম্ভবপর হয়ে ওঠে নাই।

বয়স বৃদ্ধির সাথে সাথে আমার কর্মক্ষমতা কমিয়া যাইতেছে, তবে আমার মনন শক্তি সম্পূর্ণ অটুট রহিয়াছে। দলিলগ্রহীতা, তুমি আমার দেখাশোনা কর বা পুত্র হিসাবে যথাযথ দায়িত্ব, কর্ত্তব্য পালন কর। সেইকারন তুমি আমার খুবই প্রিয় পাত্র হইতেছ। তোমার ভক্তি শ্রদ্ধা, ভালোবাসায় ও আমার প্রতি কর্তব্যপরায়নতায় আমি সন্তুষ্ট হইয়া আমার স্বত্বীয় দখলী তপশীল বর্ণিত সম্পত্তি তোমাকে দান করিব বলিয়া মনস্থঃ করিয়াছি এবং তুমিও আমার এই স্বেচ্ছা প্রনোদিত দান সানন্দে গ্রহন করিতে সম্মত হইয়াছ।

এক্ষনে সুচিন্তিত ভাবে সকল দিক বিবেচনা করিয়া অত্র দলিলের দাত্রী আমি তোমার অনুকুলে এই দানপত্র দলিল সম্পাদন করতঃ স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে নিম্নের তপশীলে সবিশেষ বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব বা দখল ছিল / আছে, তাহা অদ্যকার তারিখ হইতে সম্পূর্ণরূপে লোপ পাইয়া দলিল গ্রহীতা তোমাকে সম্পূর্ণরূপে অর্শিল ও বর্তিল।

এই দান আমার স্বেচ্ছা প্রনোদিত দান, কাহারও প্ররোচনায় পড়িয়া এই দানপত্র দলিল করিতেছি না। আমার প্রতি তোমার ভক্তিশ্রদ্ধার ও ভালোবাসার নিদর্শন স্বরূপ এই দানপত্র দলিলে আমি তোমাকে নীম্নের তপশীল বর্ণিত সম্পত্তি দান করিলাম, তুমিও আমার এই সামান্য দানটুকু সাদরে গ্রহন করিলে।

তুমি অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ত্বে স্বত্ববান, মালিক ও দখলিকার হইয়া উহাতে দান, বিক্রয়, লীজ, মর্টগেজ ইত্যাদি সর্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি, মায় ওয়ারিশান ও স্থলভিষিক্তগণ ক্রমে পরম সুখে চিরকাল ভোগ দখল করিতে থাক, তাহাতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ কস্মিনকালেও কোন প্রকার ওজর আপত্তি করিত পারিব না, কি পারিবে না, কি করিলেও তাহা আইনত গ্রাহ্য হইবে না।

তুমি অদ্যকার তারিখ হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ত্ববান ও মালিক দখলীকার হইয়া আমার / পূর্বাধিকারীর নাম সরকারী সেরেস্তায় খরিজ করতঃ অত্র দলিল বলে তোমার নিজ নামে জমাপত্তন করাইয়া লইতে পারিবে এবং নিজ নামে সরকারী সেরেস্তায় ও সংশ্লিষ্ট অন্যান্য অফিসে কর আদায় দিবে ও নিজ নামে পৃথক ভাবে চেক দাখিল করিবে, ইহাতে আমার সর্ব প্রকার সম্মতি দেওয়া থাকিল এবং ভবিষ্যতে পৃথক কোন সম্মতি দিবার আবশ্যকতা থাকিলে তাহাও করিয়া দিব।

অত্র দানপত্র দলিলে গ্রহিতা ও দাতার সহি সম্বলিত পাসপোর্ট ছবি ও উভয়ের দশ আঙুলের টিপছাপ দেওয়া হইল, উহা অত্র দানপত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

Sarulata Dhar



এতদর্থে সুস্থ চিত্তে, সরল অন্তঃকরনে, অন্যের বিনা অনুরোধে, স্বইচ্ছায়, সজ্ঞানে এই দানপত্র দলিলের মর্ম্ম সম্যক জ্ঞাত থাকিয়া ৭,০০,০০০ (সাত লক্ষ) টাকার তাইনে নিম্নের স্বাক্ষরকারী সাক্ষীগণ সম্মুখে আমি, তোমার বরাবর এই দানপত্র দলিল সম্পাদন করিয়া দিলাম। ইতি সন বাংলা ১৪২২ সালের ৩রা ফাল্গুন, ইংরাজী ১৬/০২/২০১৬ (ষোল / দুই / দুই হাজার ষোল) সাল।

## তপশীল

জেলা- বীরভূম, থানা, মহকুমা ও এ.ডি.এস.আর. অফিস- বোলপুর, মৌজা- বোলপুর, জে. এল. নং- ৯৯, এল. আর. খতিয়ান নং- ৮৯, বর্তমান এল. আর. খতিয়ান নং- **১৬৭৫১** (ষোল হাজার সাত শত একান্ন),

আর. এস. দাগ নং- **৫৭১/২৭৫৫** (পাঁচ শত একাত্তর / সাতাশ শত পঞ্চান্ন), এল. আর. দাগ নং- **১৪০১/১৬৫০** (চৌদ্দ শত এক / ষোল শত পঞ্চাশ), শ্রেনী- ভিটি (ফাঁকা ভূমি), বিক্রীত ভূমির পরিমান- ১ (ষোল) আনায় ০৭ (সাত) শতক।

দানকৃত সম্পত্তির চৌহদ্দী -

| | |
|---|---|
| লাগাও উত্তরে - | ৪ ফুট চওড়া রাস্তা। |
| লাগাও দক্ষিণে - | ১০ ফুট চওড়া মিউনিসিপ্যালিটি রাস্তা। |
| লাগাও পূর্ব্বে - | ১৫ ফুট চওড়া মিউনিসিপ্যালিটি রাস্তা। |
| লাগাও পশ্চিমে - | ১৪০১ দাগের ভূমি। |

ইতিমধ্যে দানকৃত সম্পত্তি অবস্থিত।

পৃ.......১০

D. Mukherjee Adv.

Laxmilata Dhar



স্বত্ব রায়ত স্থিতিবান, হারহারি খাজনার যোগ্য।
জমিদার পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর পক্ষে বীরভূম জেলা সমাহর্ত্তা।
মোকাম ও পোঃ- সিউড়ী, জেলা- বীরভূম।

ইসাদি

① Vivaswan Dhar
S/o Dr. Dwipendu Dhar
School Bagan
P.O. Bolpur Dist Birbhum.

② Gopal Mondal
S/o Late Dinabandhu Mondal
Bandhgora
P.O. Bolpur Dist Birbhum

Drafted and Prepared by me

Md. Mohosin 16.02.2016
MD. MOHOSIN
Advocate, Bolpur Court
Enrolment No. - F/741/2009

Computer typed by me

Arup Chowdhury
Arup Chowdhury
Netaji Bazar, G.B- 2
Bolpur Birbhum.

Jarulata Dhar

গ্রহীতা



Dwipendu Dhar

বাম হাত

| বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
| --- | --- | --- | --- | --- |

ডান হাত

| বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
| --- | --- | --- | --- | --- |

Dwipendu Dhar

দাতা



Jarulata Dhar

বাম হাত

| বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
| --- | --- | --- | --- | --- |

ডান হাত

| বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
| --- | --- | --- | --- | --- |

Jarulata Dhar

## Seller, Buyer and Property Details

### A. Donor & Donee Details

**Presentant Details**

| SL No. | Name, Address, Photo, Finger print and Signature of Presentant | | |
|---|---|---|---|
| 1 | Mrs TARULATA DHAR<br>Wife of Late MANGAL CHANDRA DHAR<br>SCHOOL BAGAN, P.O:- BOLPUR, P.S:- Bolpur, Bolpur, District:-Birbhum, West Bengal, India, PIN - 731204 | <br>16/02/2016 2:40:05 PM | <br>LTI<br>16/02/2016 2:40:14 PM |
| | | Tarulata Dhar<br>16/02/2016 2:40:40 PM | |

**Donor Details**

| SL No. | Name, Address, Photo, Finger print and Signature | | |
|---|---|---|---|
| 1 | Mrs TARULATA DHAR<br>Wife of Late MANGAL CHANDRA DHAR<br>SCHOOL BAGAN, P.O:- BOLPUR, P.S:- Bolpur, Bolpur, District:-Birbhum, West Bengal, India, PIN - 731204 Sex: Female, By Caste: Hindu, Occupation: Retired Person, Citizen of: India, PAN No. AERPD6087K,; Status : Individual; Date of Execution : 16/02/2016; Date of Admission : 16/02/2016; Place of Admission of Execution : Office | <br>16/02/2016 2:40:05 PM | <br>LTI<br>16/02/2016 2:40:14 PM |
| | | Tarulata Dhar<br>16/02/2016 2:40:40 PM | |

| Donee Details | |
|---|---|
| SL No. | Name, Address, Photo, Finger print and Signature |
| 1 | Mr DWIPENDU DHAR<br>Son of Late MANGAL CHANDRA DHAR<br>SCHOOL BAGAN, P.O:- BOLPUR, P.S:- Bolpur, Bolpur, District:-Birbhum, West Bengal, India, PIN - 731204 Sex: Male, By Caste: Hindu, Occupation: Service, Citizen of: India, PAN No. ACRPD5395G,; Status : Individual |

## B. Identifire Details

| Identifier Details | | | |
|---|---|---|---|
| SL No. | Identifier Name & Address | Identifier of | Signature |
| 1 | Mr VIVASWAN DHAR<br>Son of Mr DWIPENDU DHAR<br>SCHOOL BAGAN, P.O:- BOLPUR, P.S:- Bolpur, Bolpur, District:-Birbhum, West Bengal, India, PIN - 731204 Sex: Male, By Caste: Hindu, Occupation: Student, Citizen of: India, | Mrs TARULATA DHAR | Vivaswan Dhar<br>16/02/2016 2:41:14 PM |

## C. Transacted Property Details

| Land Details | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Sch No. | Property Location | Plot No & Khatian No/ Road Zone | Area of Land | Setforth Value(In Rs.) | Market Value(In Rs.) | Other Details |
| L1 | District: Birbhum, P.S:- Bolpur, Municipality: BOLPUR, Mouza: Bolpur | LR Plot No:- 1401/1650 , LR Khatian No:- 16751 | 7 Dec | 5,00,000/- | 7,00,000/- | Proposed Use: Viti, ROR: Viti, Property is on Road |

## D. Applicant Details

| Details of the applicant who has submitted the requsition form | |
|---|---|
| Applicant's Name | MD MOHOSIN |
| Address | RABINDRABITHI,Thana : Bolpur, District : Birbhum, WEST BENGAL |
| Applicant's Status | Advocate |

**Office of the A.D.S.R. BOLPUR, District: Birbhum**

**Endorsement For Deed Number : I - 030301072 / 2016**

| | | | |
|---|---|---|---|
| **Query No/Year** | 03030000229631/2016 | **Serial no/Year** | 0303001048 / 2016 |
| **Deed No/Year** | I - 030301072 / 2016 | | |
| **Transaction** | [0201] Gift, Gift in Favour of family members | | |
| **Name of Presentant** | Mrs TARULATA DHAR | **Presented At** | Office |
| **Date of Execution** | 16-02-2016 | **Date of Presentation** | 16-02-2016 |

**Remarks**

**On 16/02/2016**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i) of Indian Stamp Act 1899.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13:05 hrs on : 16/02/2016, at the Office of the A.D.S.R. BOLPUR by Mrs TARULATA DHAR ,Executant.

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs 7,00,000/-. Other amount Rs 7,00,000/-

**Admission of Execution ( Under Section 58, W.B. Registration Rules, 1962 )**

Execution is admitted on 16/02/2016 by

Mrs TARULATA DHAR, Wife of Late MANGAL CHANDRA DHAR, SCHOOL BAGAN, P.O: BOLPUR, Thana: Bolpur, , City/Town: BOLPUR, Birbhum, WEST BENGAL, India, PIN - 731204, By caste Hindu, By Profession Retired Person
Indetified by Mr VIVASWAN DHAR, Son of Mr DWIPENDU DHAR, SCHOOL BAGAN, P.O: BOLPUR, Thana: Bolpur, , City/Town: BOLPUR, Birbhum, WEST BENGAL, India, PIN - 731204, By caste Hindu, By Profession Student

**Payment of Fees**

Certified that required Registration Fees payable for this document is Rs 7,696/- ( A(1) = Rs 7,689/- ,E = Rs 7/- ) and Registration Fees paid by Cash Rs 7,696/-

**Payment of Stamp Duty**

Certified that required Stamp Duty payable for this document is Rs. 3,510/- and Stamp Duty paid by Stamp Rs 3,510/-

Description of Stamp

1. Rs 10/- is paid on Court Fees.
2. Rs 1,000/- is paid on Impressed type of Stamp, Serial no 4321, Purchased on 09/02/2016,Vendor named Mathura Bihari Basu.
3. Rs 1,000/- is paid on Impressed type of Stamp, Serial no 4322, Purchased on 09/02/2016,Vendor named

4. Rs 1,000/- is paid on Impressed type of Stamp, Serial no 4323, Purchased on 09/02/2016,Vendor named Mathura Behari Basu.

5. Rs 500/- is paid on Impressed type of Stamp, Serial no 4324, Purchased on 09/02/2016,Vendor named Mathura Behari Basu.

6. Rs 10/- is paid on Impressed type of Stamp, Serial no 4325, Purchased on 10/02/2016,Vendor named Mathura Behari Basu.

(Suman Basu)
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE A.D.S.R. BOLPUR
Birbhum, West Bengal

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I

Volume number 0303-2016, Page from 21419 to 21439

being No 030301072 for the year 2016.

Digitally signed by SUMAN BASU
Date: 2016.02.17 11:06:54 +05:30
Reason: Digital Signing of Deed.

(Suman Basu) 2/17/2016 11:06:53 AM

ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

OFFICE OF THE A.D.S.R. BOLPUR

West Bengal.

(This document is digitally signed.)